



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬৯

রাজশাহীতে শেখ রাসেল দিবস উদযাপন

রাজশাহী; ০২ কার্তিক (১৮ অক্টোবর):

আজ মঙ্গলবার (১৮ অক্টোবর) শেখ রাসেল দিবস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৫৯তম জন্মদিন। আজ দ্বিতীয়বারের মতো দিবসটি দেশব্যাপী নানা কর্মসূচির মধ্যদিয়ে উদযাপন করা হয়।

দিবসটি উপলক্ষ্যে বিভাগীয় ও জেলা প্রশাসনের আয়োজনে সকালে রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন।

শেখ রাসেলের ছবিতে স্মার্ট, চৌকশ ও ব্যক্তিত্বসম্পন্ন মানুষের প্রতিচ্ছবি ফুটে উল্লেখ করে সভায় বক্তারা বলেন, শেখ রাসেলের বিভিন্ন ছবি থেকে স্মার্ট, চৌকশ ও ব্যক্তিত্বসম্পন্ন একজন নিখুঁত মানুষের পরিচয় পাওয়া যায়। তার এক-একটি ছবি যেন এক-একটি অভিব্যক্তি।

তারা বলেন, আজকে আনন্দ ও বেদনার দিন। মাত্র ১০ বছর ১০ মাস বয়সের একটি শিশুকে কি কেউ হত্যা করতে পারে?— কিন্তু ঘাতকেরা ছোট রাসেলকে সেদিন রেহাই দেয় নাই।

নতুন প্রজন্মকে বারুদের মতো হয়ে গড়ে ওঠার আহ্বান জানিয়ে বক্তারা বলেন, নতুন প্রজন্মকে চারিত্রিক দৃঢ়তা নিয়ে বড় হতে হবে। তাদের বারুদের মতো হয়ে গড়ে উঠতে হবে। কারণ— আজকের শিশুরাই আগামীর ভবিষ্যত বিনির্মাণ করবে। এই ছোট সোনামনিরা-ই ২০৪১ সালের উন্নত বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে।

আলোচনা সভার শুরুতে জি এস এম জাফরউল্লাহ শিশুদের নিয়ে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষ্যে কেক কাটেন। এর আগে বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে একটি র্যালি বের হয়ে জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়। পরে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রফেসর ড. মলয় ভৌমিক অনুষ্ঠানে আলোচক হিসেবে বক্তৃতা করেন।

জেলা প্রশাসক আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মো: আব্দুল বাতেন, আরএমপি'র কমিশনার মো: আবু কালাম সিদ্দিক, পুলিশ সুপার এবিএম মাসুদ হোসেন, রাজশাহী মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামাল। অনুষ্ঠানে সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থার কর্মকর্তা, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে শেখ রাসেল দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২২/১৫.০০ঘ.